

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:24-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Assembly Election :

মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টির নেতৃত্বাধীন মহাযুতি জোট নিরংকুশ সংখ্যা গরিষ্ঠতা পেয়েছে। অন্যদিকে, ঝাড়খন্ড বিধানসভা নির্বাচনে ঝারখন্ড মুক্তি মোর্চার নেতৃত্বাধীন ইন্ডিয়া ব্লক পুনরায় নির্বাচিত হয়েছে। মহারাষ্ট্রে মোট ২৮৮ আসনে বিজেপি ১৩২, একনাথ সিন্ধে নেতৃত্বাধীন শিবসেনা ৫৭টি ও অজিত পাওয়ার নেতৃত্বাধীন এন.সি.পি ৪১টি আসনে জয়লাভ করেছে। অন্যদিকে, কংগ্রেস ১৬টি জয়লাভ করে। ঝারখন্ডে ৮১টি আসনের মধ্যে জে.এম.এম ৩৪টি ও কংগ্রেস ১৬টি আসন পেয়েছে। বিজেপি পেয়েছে ২১টি আসন।

Maharashtra-PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে বিজেপির জয়ের মূল কারণ হল স্বচ্ছ প্রশাসন ও উন্নয়ন। গতকাল দিল্লিতে বিজেপি'র সদর দপ্তরে দলীয় কর্মীদের সামনে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, নেতিবাচক রাজনীতির বিরুদ্ধে নির্বাচনের এই ফলাফল স্পষ্ট হয়েছে। মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের এবং বিভিন্ন রাজ্যের উপনির্বাচনে এই ফলাফল বিজেপি'র প্রতি জনগনের আস্থা প্রস্ফুটিত হয়েছে। মানুষ শুধু চায় উন্নয়ন। তিনি বিশেষভাবে মহিলাদের পাশাপাশি কৃষক ও যুবাদের বিজেপির প্রতি আস্থা দেখানোয় ধন্যবাদ জানান। একটানা তৃতীয়বার মহারাষ্ট্রে বিজেপি একক সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে

বিধানসভা নির্বাচনে আসন দখল করায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। স্বচ্ছ প্রশাসনের মডেল এ রাজ্যে তৈরী করার জন্যেই এই বিশাল সাফল্য ধারাবাহিকভাবে আসছে বলে তিনি উল্লেখ করেন।

Cm wish on Maharashtra victory :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মহারাষ্ট্রে নির্বাচনে বিজেপির জয়কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপর আস্থা ভরসার জয় বলে আখ্যা দিয়েছেন। তিনি বলেন প্রধানমন্ত্রী মানুষের কল্যাণে যেসব প্রকল্প গ্রহণ করেছেন তাতে মানুষ আস্থা রেখেছে বলেই এই জয় সম্ভব হয়েছে। এই জয়ের ফলে গতকাল দলের প্রদেশ কার্যালয় থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে শুভেচ্ছা জানানো হয়। মুখ্যমন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক ভগবান চন্দ্র দাস, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত সহ অন্যান্য কার্যকর্তারা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Sushanta Chowdhury :

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী কালোবাজারি রুখতে জনগণের মধ্যে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে খাদ্য দপ্তরের উদ্যোগে বিভিন্ন ব্যবসায়ীক সংগঠন, ভোক্তা ফোরাম ও ন্যায্যমূল্যের দোকান পরিচালন সমিতির সদস্যদের নিয়ে জেলাভিত্তিক এক আলোচনা সভায় খাদ্যমন্ত্রী সম্মিলিত উদ্যোগে কিভাবে কালোবাজারী রোধ করা যায় সে সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন। পাশাপাশি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতেও ভোক্তা ফোরামের সহায়তায় কালোবাজারী প্রতিরোধের বিষয়ে সেমিনারের আয়োজন করা হবে বলে তিনি জানান।

Promo Fest :

ত্রিপুরার পর্যটন শিল্পের প্রসারে এবং তা বহির্বিশ্বে প্রচার প্রসার এবং আন্তর্জাতিক স্তরে পর্যটক আকর্ষণে রাজ্য পর্যটন দপ্তর ও পর্যটন নিগম এ বছর প্রমো-ফেস্ট নামে পর্যটন উৎসব আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল আগরতলার গীতাঞ্জলি গেস্ট হাউসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি বলেন, এবার থেকে প্রতিবছর নভেম্বর মাসের শেষ সপ্তাহ কিংবা ডিসেম্বর মাসের প্রথম দিকে প্রমো-ফেস্ট আয়োজন করা হবে। এবছর প্রমো-ফেস্ট শুরু হবে আগামী তেসরা ডিসেম্বর থেকে চলবে ১৪ই ডিসেম্বর পর্যন্ত। তিনি জানান, প্রমো-ফেস্টের জন্য রাজ্যের চারটি পর্যটন স্থলকে বেছে নেওয়া হয়েছে। আগামী তেসরা ডিসেম্বর ডম্বুর নারিকেল কুঞ্জে এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ডম্বুর ছাড়াও নীরমহল ও জম্পুই-এর ইডেনে এই উৎসব আয়োজন করা হবে। ১২ই ডিসেম্বর থেকে তিন দিনের সমাপ্তি অনুষ্ঠানটি হবে আগরতলায়।

পর্যটন মন্ত্রী জানান, ১৪ই ডিসেম্বর সমাপ্তি সন্ধ্যায় আগরতলার বিবেকানন্দ ময়দানে স্বনামধন্য সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল সঙ্গীত পরিবেশন করবেন। এছাড়া উৎসবের বিভিন্ন অনুষ্ঠানে বিশিষ্ট সঙ্গীত শিল্পী সৌরভী দেববর্মা, নীহারিকা নাথ, সহ বিভিন্ন লোকশিল্পী জনজাতীয় লোকশিল্পী অংশ নেবেন।

All Party Meeting :

সংসদের শীতকালীন অধিবেশনকে সামনে রেখে আজ সরকার সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে। বৈঠকে সভাপতিত্ব করবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

বৈঠকে, অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার কাজ নির্বিঘ্নে সম্পন্ন করতে সরকার সমস্ত রাজনৈতিক দলের সমর্থন চাইবে। উল্লেখ্য, শীতকালীন অধিবেশন আগামীকাল শুরু হয়ে ২০শে ডিসেম্বর পর্যন্ত চলবে। তবে ২৬ নভেম্বর সংবিধান দিবসে সংসদের কোনো অধিবেশন বসবে না।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৮ ডিগ্রি সেলসিয়াস।
